রাজধানী টিভিতে নিয়োগ পেলেন হাসানুজ্জামান

বাংলাদেশের অন্যতম জনপ্রিয় আইপি টেলিভিশন রাজধানী টিভিতে নিয়োগ পেয়েছেন মোঃ হাসানুজ্জামান।

গতকাল রোববার রাতে বাংলামোটর রাজধানী টেলিভিশনের প্রধান কার্যালয় থেকে মোঃ হাসানুজ্জামানের হাতে এইচআর অ্যাডমিন মোঃ আতিক স্বপন ও সিইও মোঃ লিটন হোসেন নিয়োগপত্র তুলে দেন।

রাজধানী টিভিতে নিয়োগ পাওয়ায় মোঃ হাসানুজ্জামান কে অভিনন্দন জানিয়েছেন সাংবাদিক সমাজসহ মেহেরপুর জেলার বিভিন্ন শ্রেণি-পেশার সুধীজন। তারা আশা প্রকাশ করেন, পেশাদারিত্ব ও সততার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে তিনি গণমাধ্যমে ইতিবাচক ভূমিকা রাখবেন।

আজ রাজধানী টিভির আনুষ্ঠানিক উদ্বোধন

বস্তুনিষ্ঠ খবর পরিবেশনের অঙ্গীকার নিয়ে শুভ উদ্বোধন হতে যাচ্ছে রাজধানী টিভির। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঢাকার শাহবাগস্থ ঢাকা ক্লাবে আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ।

এছাড়াও বাংলাদেশ সরকার অনুমোদিত বেসরকারি টিভি চ্যানেল (আইপি) রাজধানী টেলিভিশনের প্রতিনিধি সম্মেলন আয়োজন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক উপদেষ্টা ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী।

রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান এম এ এস ইমন বিশিষ্ট রাজনৈতিক, সাংস্কৃতিক ও মিডিয়া ব্যক্তিত্বসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষকে

উপস্থিত থাকার আহ্বান জানিয়েছেন।

রাজধানী টেলিভিশন আনিশা গ্রুপের একটি প্রতিষ্ঠান। গ্রুপের জনপ্রিয় আরেকটি প্রতিষ্ঠান দৈনিক মেহেরপুর প্রতিদিন। যা ইতোমধ্যে মেহেরপুর সহ আশেপাশের জেলাগুলো ব্যপক জনপ্রিয়তা পেয়েছে।